# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 APRIL 2025** **7:45—7:55 PM IST**

**==========================================================**

(১) রাজ্য সরকারের কর্মচারী এবং পেনশনারদের জন্য অতিরিক্ত দুই শতাংশ মহার্ঘ ভাতা বৃদ্ধির বিষয়ে আসাম সরকারের সিদ্ধান্ত/

(২) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের বাকি পরীক্ষাগুলি বাতিলের সিদ্ধান্ত/

(৩) গৌহাটি হাইকোর্টের রাজ্যের নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের পাঁচ হাজার ৫০০টি পদের নিয়ুক্তি প্রক্রিয়ার ক্ষেত্রে পূর্বে জারি করা স্থগিতাদেশ প্রত্যাহার/

এবং

(৪) আসাম ক্রিকেট সংস্থা আয়োজিত সপ্তম আসাম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে উঠেছে শিলচরের ইটখোলা এথলেটিক ক্লাব/

------------------------------------------------------------------------------------

আসাম সরকার রাজ্যের হাসপাতাল ও মেডিকেল কলেজ হাসপাতালসমূহতে দুঃস্থ ও মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের উন্নতমানের স্বাস্থ্য সেবা , বিশেষ করে বিনামূল্যে ঔষধের সুবিধা প্রদানের জন্য স্বাস্থ্য বিভাগকে ১৯০ কোটি টাকা মঞ্জুর করেছে । জনতাভবনে আজ অনুষ্ঠিত মন্ত্রীসভার এক বৈঠকের বিষয়ে সাংবাদিকদের অবগত করে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা জানান । সেইসঙ্গে তিনি বলেন যে মন্ত্রীসভার আজকের বৈঠকে রাজ্য সরকারের কর্মচারী ও পেনশনভোগীদের জন্য গত পয়লা জানুয়ারী থেকে কার্যকর হওয়া অতিরিক্ত ২ শতাংশ মহার্ঘ্য ভাতা বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

রাজ্যের দূর্বল বাঁধগুলির সুরক্ষার জন্য বাঁধ নিরীক্ষণ ও বন্যা প্রস্তুতি সমিতি গঠনে আজকের মন্ত্রীসভার বৈঠকে অনুমোদন জানানো হয় । জেলা ও সমজেলা পর্যায়ে এই সমিতিগুলি গঠন করা হবে । বাঁধগুলির সুরক্ষার জন্য একটি করে যুব বাহিনী গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । জলসম্পদ বিভাগের স্থানীয় বাস্তুকারের তত্বাবধানে ১০ থেকে ১৫ জন যুবককে নিয়ে গঠন করা এধরণের যুববাহিনীগুলিকে বাঁধগুলির প্রতি ৮ থেকে ১২ কিলোমিটার দৈর্ঘ্যের অংশসমূহের সুরক্ষার দায়িত্ব প্রদান করার জন্য মন্ত্রীসভা সিদ্ধান্ত  গ্রহণ করেছে । বাঁধ কমিটি হিসেবে নামকরণ করা এই যুব বাহিনীগুলি এপ্রিল মাসের শেষ থেকে অক্টোবর পর্যন্ত সংশ্লিষ্ট এলাকাগুলিতে নজর রাখবে এবং তাদের বাঁধ নিরীক্ষণ তথা প্রয়োজনীয় তাৎক্ষণিক সংস্কারের জন্য সব ধরণের সামগ্রী সরবরাহ করা হবে বলে মূখ্যমন্ত্রী জানান ।

বৈঠকে চা জনগোষ্ঠীর জন্যও বেশকিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।
বাইট

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের বাকি পরীক্ষাসমূহ বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করেছে । পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা হওয়ার পরিপ্রেক্ষিতে শিক্ষকদের নির্বাচনী কাজকর্মে ব্যস্ত থাকা ছাড়াও আগামী বিশে মে পর্যন্ত নির্বাচনী প্রক্রিয়া চলতে থাকার কথা বিবেচনা করে বিদ্যালয় শিক্ষা পর্ষদ এই সিদ্ধান্ত গ্রহণ করেছে । এই সম্পর্কে পর্ষদের সচিবের জারি করা নির্দেশ অনুসারে প্রথম বর্ষের পরীক্ষায় অবতীর্ণ হওয়া সকল পরীক্ষার্থী উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে । কোনো শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষার্থী পরীক্ষা অনুষ্ঠিত না হওয়া বিষয়গুলিতে নিজেদের দক্ষতা যাচাই করতে চাইলে সংশ্লিষ্ট কলেজ থেকে অধ্যয়ন এবং অনুশীলনের জন্য প্রশ্নপত্র সংগ্রহ করতে পারবে বলেও এই নির্দেশে উল্লেখ করা হয়েছে । তবে প্রশ্নপত্রের প্যাকেট খোলার জন্যে যেসব শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে তদন্ত চলছে, তারা এইভাবে প্রশ্নপত্র সংগ্রহ করতে পারবেনা । পর্ষদ একইসঙ্গে ছাত্রছাত্রীদের একাদশ শ্রেণীর মার্কশিটগুলি বিদ্যালয় শিক্ষা পর্ষদের সংমন্ডল-দুইয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে কর্তৃত্ব প্রদান করা হয়েছে । এই নির্দেশে উল্লেখ করা হয়েছে যে- ইউনিট টেস্ট, ষান্মাসিক পরীক্ষা অথবা বিগত প্রথম বর্ষের পরীক্ষায় লাভ করা গড় নম্বরের ভিত্তিতে বাকি থাকা বিষয়গুলিতে ছাত্রছাত্রীদের নম্বর প্রদান করতে হবে । আগামী ১৫ই জুনের মধ্যে নম্বর প্রদানের প্রক্রিয়া সম্পূর্ণ করতে রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ নির্দেশনা জারি করেছে ।

---

গৌহাটি হাইকোর্ট নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়গুলির পাঁচ হাজার ৫০০টি পদে নিযুক্তির ক্ষেত্রে পূর্বের জারি করা স্থগিতাদেশের নির্দেশ খারিজ করেছে । এই পদগুলির দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার পর আদালত এই রায় দিয়েছে । এর আগে আদালতের এক সদস্যের বিচারপীঠ এই পদ সমূহের দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার ক্ষেত্রে স্থগিতাদেশ জারি করেছিল । রাজ্য সরকারের দাখিল করা আবেদনের শুনানি গ্রহণ করে আদালত পূর্বের স্থগিতাদেশ খারিজ করে দেয় । শিক্ষা বিভাগ গত বিশে মার্চ থেকে ২৯শে মার্চ পর্যন্ত প্রথম পর্যায়ের নথি পরীক্ষা সম্পূর্ণ করে এবং গত পয়লা এপ্রিল থেকে ১১ই এপ্রিল পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার দিন ধার্য করা হয় । তবে আদালত দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার ক্ষেত্রে স্থগিতাদেশ জারি করায় নিযুক্তি প্রক্রিয়া স্থবির হয়ে পড়ে । অবশেষে আদালত এই স্থগিতাদেশ তুলে নেওয়ায় এই পাঁচ হাজার ৫০০ টি পদের নিযুক্তি প্রক্রিয়া পুনরায় আরম্ভ হওয়ার বিষয়টি নিশ্চিত হয়েছে ।

---

প্রবীণ অভিনেতা ও পরিচালক মনোজ কুমার আজ সকালে মুম্বইয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিলো ৮৭ । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ,উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ দেশের বিশিষ্ট ব্যাক্তিরা বিখ্যাত অভিনেতার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

উল্লেখ্য বলিউডের কিংবদন্তী এই অভিনেতা তাঁর দেশপ্রেমমূলক চলচ্চিত্রের জন্য ভারত কুমার নামে পরিচিত ছিলেন । ভারতীয় সিনেমায় উল্লেখযোগ্য অবদানের জন্য তাঁকে দাদাসাহেব ফালকে এবং পদ্মশ্রী পুরস্কারে সম্মানিত করা হয়েছিলো । মনোজ কুমার বলিউডে দেশপ্রেমমূলক চলচ্চিত্রের এক নতুন ধারা সৃষ্টি করেছিলেন এবং উপকার ,পূরব ঔর পশ্চিম ও ক্রান্তির মতো কালজয়ী কথাছবির মাধ্যমে মন জয় করতে সক্ষম হয়েছিলেন । মনোজ কুমারের অন্যান্য চলচ্চিত্রের মধ্যে পত্থর কে সনম ,চোর ,সন্ন্যাসী এবং রোটি কপড়া ঔর মকান অন্যতম ।

---

বরাক উপত্যকার ক্রিকেটের ইতিহাসে প্রথমবারের মতো শিলচরের ইটখোলা এথলেটিক ক্লাব // আসাম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত সপ্তম আসাম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতার ফাইনালে উঠেছে । গৌহাটীর জাজেস ফিল্ডে আজ অনুষ্ঠিত সেমিফাইনাল খেলায় ইটখোলা এথলেটিক ক্লাব দল // টেঙ্গাপারা ক্রিকেট ক্লাবকে ৮০

রানের ব্যবধানে পরাজিত করেছে । আগামী রবিবার অনুষ্ঠেয় ফাইনাল খেলায় ইটখোলা এথলেটিক ক্লাব // বরপেটা জেলার ক্লাব তিরঙ্গা দলের মুখোমুখি হবে বলে ইটখোলা এথলেটিক ক্লাবের পক্ষ থেকে জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন আসন্ন পঞ্চায়েত নির্বাচনের আগে নাগরিকদের সুবিধার্থে ভোটার তালিকার প্রত্যয়িত অনুলিপি প্রদানের জন্য কয়েকজন দক্ষ আধিকারিককে নিয়োগ করেছে । জেলাজুড়ে নির্বাচনী প্রক্রিয়া শুরু হবার সঙ্গে সঙ্গে প্রত্যয়িত অনুলিপির চাহিদা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এই বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । শিলচর নির্বাচন আধিকারিককে লক্ষীপুর সিভিল সাব-ডিভিশন কাউন্সিল এলাকা ছাড়া কাছাড় জেলার আওতাধীন এলাকাগুলির জন্য প্রত্যয়িত অনুলিপি প্রদানের দায়িত্ব দেওয়া হয়েছে । একইসঙ্গে কাছাড় জেলার সব খন্ড উন্নয়ন আধিকারিক অর্থাৎ ( বি ডি ও ) কে তাদের নিজ নিজ খন্ড উন্নয়ন এলাকার  মধ্যে এই নথিগুলি প্রদানের দায়িত্ব দেওয়া হয়েছে যা গ্রামীণ নাগরিকদের জন্য বিকেন্দ্রীকরণ এবং সহজলভ্যতা নিশ্চিত করবে ।শিলচর নির্বাচন আধিকারিকের কাছে আবেদনপত্রগুলি জেলা আয়ুক্তের কার্যালয়ে অবস্থিত জনসাধারণের জন্য সুবিধা কেন্দ্র ( পি এফ সি ) র মাধ্যমে গ্রহণ করা হবে । খন্ড উন্নয়ন এলাকা থেকে আবেদনকারীদের জন্য আবেদনপত্র সরাসরি সংশ্লিষ্ট খন্ড উন্নয়ন কার্যালয়ে গ্রহণ করা হবে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন  আসন্ন পঞ্চায়েত নির্বাচন স্বচ্ছ ও সুষ্ঠভাবে সম্পন্ন গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে সব রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছে । বৈঠকে জেলা প্রশাসনের পক্ষ থেকে নির্বাচন সংক্রান্ত সময়সূচী  এবং পদ্ধতিগত নির্দেশিকা সর্ম্পকে রাজনৈতিক দলের প্রতিনিধিদের অবগত করানো হয়েছে । প্রশাসনের পক্ষ থেকে জানানো হয় যে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য মনোনয়নের সময় সম্ভাব্য প্রার্থীদের কাছ থেকে কিছু বাধ্যতামূলক নথি জমা করতে হবে । এরমধ্যে দুটির বেশী জীবিত সন্তান না থাকার ঘোষনা , শিক্ষাগত যোগ্যতা , কার্য্যকরী শৌচালয় এবং বিবাহের সময় ও বয়স উল্লেখ করতে হবে ।

-------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি কন্ট্রোল রুম খৌলা হয়েছে । এই কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬৫১৪৪ । পঞ্চায়েত নির্বাচনের গণনা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই কন্ট্রোল রুমটি ২৪ ঘন্টা খোলা থাকবে । জেলা পরিষদের

মুখ্য কার্য্যবাহী আধিকারীক মুন গগৈকে এই কন্ট্রোল রুমের দায়িত্ব দায়িত্ব দেওয়া হয়েছে ।

---

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত মৃদুল হোড় সি ডিভিশন প্রাইজমানি নক আউট ক্রিকেট প্রতিযোগীতার আজকের প্রথম খেলায় এপোসল্স ক্লাব ৭ উইকেটে জয়ী হয়েছে ।

স্থানীয় জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতায় টসে জিতে ক্লাব গে কেভেলিয়ার প্রথমে ব্যাট করে ১৫ ওভারে সবকটি উইকেট হারিয়ে ৯৫ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে এপোসল্স ক্লাব ১২ ওভারে তিন উইকেট হারিয়ে ৯৯ রান তুলে জয়ের লক্ষ্যে পৌছে যায় ।

এদিকে আজকের দিনের দ্বিতীয় খেলায় ভেটারেন ক্লাব ৭ উইকেটে বিজয়ী হয়েছে । টসে জিতে জেলা বার সংস্থা ২০ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১২৩ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে ভেটারেন ক্লাব তিন উইকেট হারিয়ে ১২৬ রান তুলে জয়ের লক্ষ্যে পৌছে যায় ।

---

দ্বিতীয় পুলিন দাস ট্রফি অনুর্ধ-১৪ আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগীতার দক্ষিন আসাম জোনের আজকের খেলায় শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থা ৪২৫ রানে জয়ী হয়েছে । শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় শ্রীভূমি দল ৪০ ওভারে ৭ উইকেট হারিয়ে ৪৬৫ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে পশ্চিম কার্বি আংলং দল সবকটি উইকেট হারিয়ে ১৩ ওভার দু বল খেলে মাত্র ৪০ রান তুলতে সক্ষম হয় ।

---